# ঝিলমিল প্রকল্পে শেখ হাসিনার দপ্তরের ১৫ জন ড্রাইভারের জন্য প্লট বরাদ্দের অনিয়ম উন্মোচিত



সংগৃহীত ছবি

রাজউকের ঝিলমিল আবাসিক প্রকল্পে নীতিমালা লঙ্ঘন করে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দপ্তরের ১৫ জন ড্রাইভারকে বিশেষ সুবিধায় প্লট বরাদ্দ দেওয়া হয়েছে। সম্প্রতি দুদকের এনফোর্সমেন্ট অভিযানে এ বিষয়টি প্রকাশ্যে আসে।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) ঝিলমিল আবাসিক প্রকল্পে তিন ও পাঁচ কাঠার প্লট বরাদ্দের ক্ষেত্রে নীতিমালার সুস্পষ্ট ব্যত্যয় ঘটেছে। প্রকল্পের নীতিমালা অনুযায়ী, রাষ্ট্রীয় পর্যায়ে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ নির্ধারিত চার শ্রেণির ব্যক্তি ছাড়া অন্য কারো প্লট বরাদ্দ পাওয়ার কথা নয়। কিন্তু সেই নীতিমালা অগ্রাহ্য করে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দপ্তরের ১৫ জন ড্রাইভারকে প্লট বরাদ্দ দেওয়া হয়েছে, যা দুর্নীতি দমন কমিশনের (দুদক) সাম্প্রতিক অনুসন্ধানে ধরা পড়ে।

বুধবার (২৩ জুলাই) দুদকের প্রধান কার্যালয় থেকে পরিচালিত এনফোর্সমেন্ট অভিযান চলাকালে এই অনিয়মের তথ্য সংগ্রহ করা হয়। পরদিন (২৪ জুলাই) এক ব্রিফিংয়ে বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করেন সংস্থাটির মহাপরিচালক আক্তার হোসেন।

LENS ASIA

তিনি বলেন, “রাজউকের প্লট বরাদ্দ নীতিমালা অনুযায়ী যারা রাষ্ট্রীয় অবদানে বিশেষভাবে স্বীকৃত, শুধু তাদেরই এই সুবিধা পাওয়ার কথা। সেখানে দপ্তরের ড্রাইভারদের নাম অন্তর্ভুক্ত করে প্রকল্পের উদ্দেশ্যকেই প্রশ্নবিদ্ধ করা হয়েছে।”

দুদকের অনুসন্ধানী দল ইতোমধ্যে বরাদ্দ প্রক্রিয়ার সংশ্লিষ্ট নথিপত্র সংগ্রহ করেছে এবং দায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে বলেও জানান আক্তার হোসেন।